

ঢাকা, মঙ্গলবার, ১৭ এপ্রিল ২০১২, ৪ বৈশাখ ১৪১৯

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ‘৭১ তরুণ মুক্তিসেনা সম্মেলন’

ক্যাম্পাস প্রতিবেদক

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মুট সোসাইটির উদ্যোগে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে ৭১ তরুণ মুক্তিসেনা জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গত বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলাম।

মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) হেলাল মোর্শেদ খান (বীরবিক্রম) সম্মেলনে সভাপতিত্ব করেন। এ ছাড়া উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুন নিশাত, ইতিহাসবিদ ও মুক্তিযুদ্ধ গবেষক অধ্যাপক মুনতাসীর মামুন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের ভাইস চেয়ারম্যান প্রকৌশলী মো. ওয়াহিদুর রহমান, নাট্যব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, ভাস্কর ও মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণী মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি জিয়াউদ্দিন তারেক আলী ও একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সহসভাপতি চলচ্চিত্রকার শামীম আখতার।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের উদ্যোগে আয়োজিত সম্মেলনে সহযোগিতা করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। সম্মেলনে সারা দেশ থেকে বিশ্ববিদ্যালয় ও সমপর্যায়ের ৬৬টি শিক্ষাপ্রতিষ্ঠান অংশ নেয়। তারা ১১ দফা দাবিও উত্থাপন করে।